তারিখ 14 NOV 2010
পৃষ্ঠা ৩ কলাম ৩

দৈনিক
আমাদের সময়

# মঠবাড়িয়ায় স্কুলছাত্রীকে ব্লেড দিয়ে জখম করেছে বখাটে

মঠবাড়িয়া প্রতিনিধি ●

কুপ্রস্তাবে রাজি না হওয়ায় পিরোজপুরের মঠবাড়িয়ার কেএম লতিফ ইনস্টিটিউশনের ৮ম শ্রেণির ছাত্রী হীরা মণিকে (১৬) ব্লেড দিয়ে যখম করেছে মিঠু মিস্ত্রী নামের এক বখাটে। সে একই এলাকার মনোরঞ্জন মিস্ত্রীর ছেলে।

মামলা সূত্রে জানা যায়, উপজেলার আন্ধারমানিক গ্রামের স্বামী পরিত্যক্তা ও পান বিক্রেতা নাছিমা বেগমের মেয়ে হীরা মণিকে স্কুলে আসা-যাওয়ার পথে কুপ্রস্তাব দিয়ে আসছিল ওই বখাটে। ঘটনার দিন ১১ নভেম্বর শুক্রবার সন্ধ্যায় বাড়িতে ওই ছাত্রীকে একা পেয়ে বখাটে মিঠু তার সহযোগী শাহাদাৎকে নিয়ে ছাত্রীর ঘরে ঢুকে ফের কুপ্রস্তাব দেয়। এতে রাজি না হওয়ায় বখাটে মিঠু ওই ছাত্রীকে জোর পূর্বক ঝাপটে ধরে শীলতাহানীর চেষ্টা চালায়। এ সময় স্কুল ছাত্রী ডাক-চিৎকার দিলে মিঠু ও তার সহযোগী শাহাদাৎ ব্লেড দিয়ে ওই ছাত্রীকে এলোপাতাড়ি ঘাড়ে ও হাতে পোচ দিয়ে পালিয়ে যায়। পরে স্থানীয়রা আহত স্কুলছাত্রীকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এ ঘটনায় ওই ছাত্রীর মা বাদী হয়ে শনিবার রাতে বখাটে মিঠু মিস্ত্রী ও তার সহযোগী শাহাদাৎ হোসেনের বিরুদ্ধে মঠবাড়িয়া থানায় মামলা করেন। থানাপুলিশ শনিবার রাতেই অভিযান চালিয়ে মিঠু মিস্ত্রীকে গ্রেপ্তার করে। মঠবাড়িয়া থানার ওসি খন্দকার মোস্তাফিজুর রহমান জানান, বখাটে মিঠু মিস্ত্রীকে গ্রেপ্তার করে রোববার আদালতে সোপর্দ করা হয়েছে। তিনি আরও জানান, বখাটে অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় আদালত তাকে যশোর কিশোর সংশোধনাগারে পাঠিয়েছেন।